দৈনিক বাংলা

তারিখ ... ১৩।১০।৮৩ ...

পৃষ্ঠা ... কলাম ...

079

# ১ম ও ২য় শ্রেণীর জন্য পরিমার্জিত গণিত বই

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ টেক্সটবুক বোর্ড কয়েকটি শ্রেণীর জন্য কিছু কিছু বিষয়ে নতুন পাঠ্যসূচী ও পাঠ্য-পুস্তক প্রণয়ন করেছেন। ১৯৮৪ সালের শিক্ষা বছর থেকে এসব

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## গণিত বই

(১ম-পৃঃ পর)

পাঠ্যক্রম ও পুস্তক চালু করা হবে।

টেক্সট বুক বোর্ড ইতিপূর্বে বিভিন্ন শ্রেণীর জন্য যে গণিত বই প্রকাশ করেছে, তার উপযোগিতা, বিষয় নির্বাচন, পাঠক্রম প্রভৃতি সম্পর্কে দীর্ঘদিন ধরে বিভিন্ন মহল থেকে সমালোচনা চলছিল। এই সমালোচনার প্রেক্ষিতে টেক্সট বুক বোর্ড গণিত সমিতির সুপারিশ অনুযায়ী প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য পরিমার্জিত গণিত বই প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছেন। আগামী বছর থেকেই এই পরিমার্জিত গণিত বই স্কুলে পড়ানো হবে বলে জানা গেছে।

জানা গেছে নবমশ্রেণীর জন্য ইতিহাসের নতুন বই চালু করা হবে।

বিশ্বের ঐতিহাসিক ঘটনাবলীর পাশাপাশি নতুন এই ইতিহাস বইতে এ দেশ, এদেশের মানুষের ঐতিহ্য সাংস্কৃতিক বিকাশ এবং ধর্মীয় পটভূমিকে সন্নিবেশিত করা হয়েছে। প্রায় তিন শ পৃষ্ঠার এই বইটির দাম এখনো স্থির করা হয়নি।

সরকারের প্রশাসনিক পুনর্বিন্যাস সম্পর্কে বিভিন্ন কার্যক্রম যেমন উপজেলা গঠন, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এবং সরকার গৃহিত বিভিন্ন অর্থনৈতিক পদক্ষেপ সম্পর্কে দুই ফর্মার একটি পুস্তিকা স্কুল টেক্সট বুক বোর্ড প্রকাশ করবে। এক টাকা মূল্যের এই পুস্তিকা নবম শ্রেণীর পৌর নীতি ও অর্থনীতি বই-এর সঙ্গে যুক্ত থাকবে।